বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
সরেজমিন উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

ঘূর্ণিঝড় 'আকভান' এর প্রভাবে সম্ভাব্য বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

বুলেটিন নং ১২৩
প্রকাশের তারিখ: ১৭/১১/২০২৬

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের (বিএমডি) বিশেষ বিজ্ঞপ্তি অনুসারে, দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'আকভান' আগামী ২০ নভেম্বর ২০২৬ দুপুর নাগাদ ভারতের অন্ধ্র উপকূল অতিক্রম করতে পারে। এর প্রভাবে ২০-২১ নভেম্বর ২০২৬ **ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম** বিভাগের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে সম্ভাব্য বৃষ্টিপাতের ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে অতিরিক্ত পানি জমে না থাকতে পারে।
- বৃষ্টিপাতের আগেই পরিপক্ক ফসল সংগ্রহ করে নিরাপদ জায়গায় রাখুন।
- বৃষ্টিপাতের ক্ষতি থেকে রক্ষার জন্য বীজতলায় থাকা সবজির চারা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- বীজ বপন ও চারা রোপণ থেকে বিরত থাকুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।

১৭/১১/২০২৬
(উর্মী আহসান)
উপপরিচালক (বামিস ইউনিট)
পরিচালকের পক্ষে